

প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু স্মারক বক্তৃতায় জনপ্রশাসন সচিব
বঙ্গবন্ধুকে নতুন আঙ্গিকে ছড়িয়ে দিতে গবেষণার প্রয়োজন

ঢাকা, ১৫/০৮/২০১৫:

বঙ্গবন্ধু ছিলেন বাঙালির স্বপ্ন ও আশা-আকঙ্কার প্রতীক। স্বাধীনতার পরপরই তিনি প্রশাসনিক সংস্কারের উদ্যোগ গ্রহণ করেন। কর্মকর্তাদের যোগ্য হিসেবে গড়ে তোলার জন্য ব্যাপক প্রশিক্ষণের ব্যবস্থা করেন। বঙ্গবন্ধুর সে সকল কার্যক্রমই এখন ধারাবাহিকভাবে বাস্তবায়ন করা হচ্ছে।


শনিবার রাজধানীর বিয়াম ফাউন্ডেশনে আয়োজিত জাতীয় শোক দিবস উপলক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে বঙ্গবন্ধু স্মারক বক্তৃতায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী একথা বলেন।

জনপ্রশাসন সচিব উল্লেখ করেন, স্বাধীনতার পরপরই সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে বঙ্গবন্ধু বলেন, প্রশাসনিক কাঠামোর আমূল পরিবর্তন হওয়া দরকার। ইংরেজরা শাসন ও শোষণের জন্য প্রশাসনিক ব্যবস্থা গড়ে তুলেছিল। কিন্তু আমরা স্বাধীন হয়েছি। এখন শাসক হিসেবে নয়, এদেশের সেবক হিসেবে কাজ করতে হবে।

সিনিয়র সচিব বলেন, বঙ্গবন্ধু এক মহাকাব্যিক চরিত্র। তিনি ছিলেন সাহস ও শক্তির প্রতীক। অহিংস আন্দোলনের মাধ্যমে বঙ্গবন্ধু গোটা বাঙালি জাতিকে জাগিয়ে তুলেছিলেন। ফলে ৭০ সালের নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে তাঁর দল বাংলাদেশ আওয়ামীলীগ। ড. চৌধুরী বঙ্গবন্ধুকে পৃথিবীর সকল জাতীয়তাবাদী নেতার সঙ্গে তুলনা করেন।

এ সময় তিনি আরো বলেন, নতুন প্রজন্মের মধ্যে বঙ্গবন্ধুকে নতুন আঙ্গিকে ছড়িয়ে দেওয়ার জন্য তাঁকে নিয়ে গবেষণা করা উচিত। বঙ্গবন্ধু মৃত্যু পরবর্তীতে তাঁর বিরুদ্ধে অনেক অপপ্রচার হয়েছে। বাঙালির মনে স্থান করে নেওয়ায় সাহিত্য ও সংস্কৃতির মাধ্যমে এ অপপ্রচারের প্রতিবাদ হয়েছে। আজীবন তিনি সাহিত্য, সংস্কৃতি, কবিতা ও গানের মাধ্যমে বাঙালির হৃদয়ে বেঁচে থাকবেন।

সকাল সাড়ে ১০টায় শুরু হয়ে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত চলে এই স্মারক বক্তৃতা। অনুষ্ঠানে বিভিন্ন মন্ত্রণালয় এবং সংস্থার সিনিয়র সচিব ও সচিবসহ বিভিন্ন স্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।


মোঃ তোহিদুল ইসলাম
সিনিয়র তথ্য অফিসার
জনপ্রশাসন মন্ত্রণালয়
মোবা: ০১৭১৮-৫৪৩৬২৫